

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
 আগারগাঁও, শেরে বাংলা নগর
 ঢাকা-১২০৭।
 www.bpsc.gov.bd**

৮০.০০.০০০০.৪০২.১১.০১৯.১৮-৪২৮

তারিখঃ ১৭-০৭-১৪২৫ বঙ্গাব্দ
০১-১১-২০১৮ খ্রিস্টাব্দ

নিয়োগপত্র

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের রাজস্ব খাতভুক্ত ১৩ তম ছেড়ে সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে নিয়ন্ত্রিত প্রার্থীগণ-কে তাঁর/তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও বেতন ক্ষেত্রে (জাতীয় বেতন ক্ষেত্র ২০১৫ অনুযায়ী) ও নম্বর অনুচ্ছেদে বর্ণিত শর্ত মোতাবেক অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :-

ক্রমিক নম্বর	রেজিঃ নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	হায়ী ঠিকানা	পদের নাম	বেতন স্কেল
১.	১১০১৯৭	জনাব মোঃ মিজানুল হক আকন্দ পিতা-মোঃ সুলতান উদ্দিন আকন্দ	গ্রামঃ পশ্চিম চরকরনশী ডাকঘরঃ গুজাদিয়া থানাঃ করিমগঞ্জ জেলাঃ কিশোরগঞ্জ	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	(জাতীয় বেতন ক্ষেত্র ২০১৫ অনুযায়ী) টাঃ ১১০০০-২৬৫৯০/-
২.	১১০০২৯	জনাব মোঃ জাহিদুল ইসলাম পিতাঃ আঃ রাজ্জাক হাওলাদার	গ্রামঃ খামার দেহন্দা ডাকঘরঃ দেহন্দা বাজার উপজেলাঃ করিমগঞ্জ জেলাঃ কিশোরগঞ্জ	ঢ	ঢ

২. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

৩. নিয়োগের শর্তাবলি:

ক) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবীশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবীশকালে তাঁর/তাঁদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে তাঁর/তাঁদের শিক্ষানবীশকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। বর্ধিত সময়ে শিক্ষানবীশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সন্দেশ নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরির অবসান ঘটাতে পারবেন।

খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ কর্তৃক দাখিলকৃত জীবন বৃত্তান্ত অপ্রমাণিত/মিথ্যা প্রমাণিত হলে তাঁর/তাঁদের নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা সম্পর্কিত সনদপত্র, আনসার ও তিডিপি সম্পর্কিত সনদপত্র এবং হায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল এবং শিক্ষাগত যোগ্যতার সনদের বিষয়ে সঠিকতা প্রমাণিত না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর/তাঁদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে চাকরিতে যোগদানের পর গৃহীত সকল বেতন ভাতাদির অর্থ ফেরত প্রদান করতে হবে।

ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরুদ্ধ মন্তব্য থাকলে এবং সরকারি দায়িত্ব পালনে ব্যাধাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর/তাঁদের নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।

ঙ) যোগদানের সময় সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি ও নিয়োগপত্রের মূল কপি প্রদর্শন পূর্বক অনুলিপি দাখিল করতে হবে।

ক্রমশঃ/-২

চ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

ছ) চাকরিতে তাঁর/তাঁদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাবৃত্ত অনুযায়ী।

জ) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

ঝ) উক্ত পদ হতে পদত্যাগ করতে চাইলে ন্যূনপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিত নোটিশ দিতে হবে। তা দিতে ব্যর্থ হলে ন্যূনপক্ষে ৩০ (ত্রিশ) দিনের বেতন যা নিয়োগকারী কর্তৃপক্ষ ধার্য করবেন তা কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

৪. উপরোক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৫-১১-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা এ উপস্থিত হয়ে যোগদান পত্র দাখিল করতে হবে।

৫. নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর/তাঁদের নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

[সুব্রত কুমার দে]

উপসচিব [প্রশাসন]

ফোন-৫৫০০৬৬৩৬

৮০.০০.০০০০.৮০২.১১.০১৯.১৮-৮২৪

তারিখঃ ১৭-০৭-১৪২৫ বঙ্গাব্দ
০১-১১-২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. সিভিল সার্জন, জেলা।
৪. প্রধান হিসাব বক্ষণ কর্মকর্তা, সিএনএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. হিসাব বক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (অর্থ ও সেবা/বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮. জনাব-----, -----,
৯. ব্যক্তিগত নথি।


[সুব্রত কুমার দে]
উপসচিব [প্রশাসন]

অনুলিপি :

১. মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।